মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২৩/০৫/২০২২ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৫/০৪/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় চলতি অর্থ বছরের বাজেটের উপর একটি কর্মপরিকল্পনা করা হয়েছে। কর্ম পরিকল্পনা মোতাবেক শেষ দুই কোয়াটারে নারীদের কর্মমূখী বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করার কথা। সভাপতি মহোদয় সভায় বলেন, বিভিন্ন কারণে এই প্রশিক্ষণ আমরা করতে পারিনি। তবে আগামীতে এই প্রশিক্ষণ করা যায় কিভাবে তা ভেবে দেখার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। মেয়র মহোদয় এ বিষয়ে সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় বিগত দিনে নারীদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ২ বছর করোনার কারণে বাজেটের অধিকাংশ অর্থ করোনা মোকাবেলায় খরচ হয়ে যাচ্ছে। ইচ্ছা থাকা সত্বেও আমরা নারীদের কর্মমূখী প্রশিক্ষণ দিতে পারছিনা। নিয়ম অনুযায়ী আগামী মাসে এই পরিষদের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	তবে আগামী নির্বাচনে যদি আবার মেয়র হয়ে আসতে পারি তবে নারীদের কর্মমূখী প্রশিক্ষণ নিয়মিত করা হবে। তিনি বলেন, শুধু সেলাই প্রশিক্ষণ নয়, অসহায় নারীদের দক্ষতা অনুযায়ী সব ধরণের প্রশিক্ষণ দেওয়া হবে। তিনি এ বিষয়ে সকলের সহায়তা কামনা করেন।	
বিবিধ	জনাবা মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে নারী কাউন্সিলরের নেতৃত্বে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এই উঠান বৈঠকে অনেক নারী অংশ নেন। এই বৈঠকে নারীদের স্বাস্থ্য ব্যবস্থা ও পিরিয়ড কালীন বিভিন্ন করনীয় বিষয় নিয়ে আলোচনা করা উচিত। এ জন্য কোন ডাক্তার অথবা স্বাস্থ্যকর্মী থাকলে খুবই ভালো হয়। বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, বিষটি খুবই গুরুত্বপূর্ণ। সবসময় না হলেও মাঝে মাঝে ডাক্তার/স্বাস্থ্যকর্মী নিয়ে মহিলাদের পিরিয়ড কালীন ব্যবস্থা অথবা নারীদের একান্ত ব্যাক্তিগত বিষয় নিয়ে আলোচনা করা যেতে পারে। তিনি মেহেরপুর হাসপাতালের ডাক্তারের সঙ্গে কথা বলে ব্যবস্থা নিবেন এবং পৌরসভায় কর্মরত স্বাস্থ্যকর্মীগণ এ ব্যাপারে সহযোগিতা করার জন্য নির্দেশনা দেন।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৩/০৫/২০২২ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] ২৩/০৫/২২
৮	মোঃ তোফিকুল ইসলাম	CDA (UGIIP3)	[signature]
৯			